

“একটাই লক্ষ্য হতে হবে দক্ষ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

[প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়]

কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র(টিটিসি), রাউজান, চট্টগ্রাম

চিকদাইর, রাউজান, চট্টগ্রাম।

web : www.ttcraozan.chittagong.gov.bd

নং : ৪৯.০১.১৫৭৪.০০০.১৮.০২৭.২৬.০১৪

তারিখ : ১১/০১/২০২৬ খ্রি:

ASSET প্রকল্পের আওতায় সম্পূর্ণ ফ্রি প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), রাউজান, চট্টগ্রাম-এ Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) প্রকল্পের আওতায় দেশের ও আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে সরকারি খরচে শুধুমাত্র বেকার যুব পুরুষ ও মহিলা, শ্রমিক, অনগ্রসর, হতদরিদ্র, সুবিধা বঞ্চিত, উপজাতি এবং প্রতিবন্ধীদের জন্য দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান ও কর্মসংস্থানের লক্ষ্যে (৮ম সাইকেল) ফ্রেব্রুয়ারি-মে/২০২৬ খ্রি: সেশনে ০৩ মাস/৩৬০ ঘন্টা মেয়াদী নিম্নবর্ণিত শটকোর্সসমূহে প্রশিক্ষণার্থী ভর্তির জন্য অনলাইনে আবেদন আহ্বান করা হচ্ছে।


ক্রম নং	ট্রেড/অকুপেশনের নাম	কোর্সের মেয়াদ	BNQF লেভেল	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	বয়স সীমা	আসন সংখ্যা	যোগাযোগ
১।	ব্লক বাটিক এন্ড ফ্রিন থ্রিফিং	৩ মাস	Level-2	জেএসসি/৮ম শ্রেণী/জেডিসি	১৮-৪৫ বৎসর	২৪ টি	০১৮৯৩০৩৬২৩৫
২।	গ্রাফিক্স ডিজাইন	৩ মাস	Level-2	এসএসসি/সমমান (কম্পিউটার জানা আবশ্যিক)	১৮-৪৫ বৎসর	২৪ টি	০১৮৩৯৪৪৩৬৮৬
৩।	সুইং মেশিন অপারেশন	৩ মাস	Level-2	জেএসসি/৮ম শ্রেণী/জেডিসি	১৮-৪৫ বৎসর	২৪ টি	০১৭৩২৯০৩০৯৪
৪।	ইলেকট্রিক্যাল	৩ মাস	Level-2	জেএসসি/৮ম শ্রেণী/জেডিসি	১৮-৪৫ বৎসর	২৪ টি	০১৯০৫৪২২৩৮২
৫।	কম্পিউটার অপারেশন	৩ মাস	Level-2	এসএসসি/সমমান	১৮-৪৫ বৎসর	২৪ টি	০১৮৩৬৫৮৭০০৭

ফরম সংগ্রহ ও জমাদানের তথ্যাদি :

অনলাইনে আবেদন	: ১২ জানুয়ারি, ২০২৬ খ্রি: হতে ০৭ ফ্রেব্রুয়ারি, ২০২৬ খ্রি: পর্যন্ত	আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্রাদি জমা দিতে হবে
ভর্তি পরীক্ষা/সাক্ষাৎকার	: ০৯ ফ্রেব্রুয়ারি, ২০২৬ খ্রি: তারিখ সকাল : ৯:৩০ টা।	(১) শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের ফটোকপি (২) জাতীয় পরিচয়পত্র (NID) ০১ কপি (৩) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি। মূল সনদপত্র (ভর্তির সময় জমা দিতে হবে)। (৪) বিদেশে চাকরি প্রার্থীদের পাসপোর্টের ফটোকপি। (৫) পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের কপি।
ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ	: ০৯ ফ্রেব্রুয়ারি, ২০২৬ খ্রি: (নোটিশ বোর্ড, ফেসবুক পেইজ ও ওয়েব সাইটে বিকাল ৫:০০ ঘটিকার পর পাওয়া যাবে)।	
ভর্তির তারিখ	: ১০ ফ্রেব্রুয়ারি, ২০২৬ খ্রি: হইতে ১১ ফ্রেব্রুয়ারি পর্যন্ত।	
অপেক্ষমান তালিকা হতে ভর্তি	: ১৪ ফ্রেব্রুয়ারি, ২০২৬ খ্রি: (আসন খালি থাকা সাপেক্ষে)	
প্রশিক্ষণ শুরু	: ১৫ ফ্রেব্রুয়ারি, ২০২৬ খ্রি: (দুপুর ১২.০০ ঘটিকা হতে)	

সুযোগ-সুবিধা ও ভর্তির শর্তসমূহ : (১) নিয়মিত উপস্থিতির ভিত্তিতে এবং NSDA এর আওতায় BNQF Level Assessment-এ উত্তীর্ণ হওয়া সাপেক্ষে প্রতিমাসে ১৫০০/- হারে (পুরুষ) এবং ২০০০/- টাকা হারে (মহিলা/প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) প্রশিক্ষণ ভাতা এবং দৈনিক ১০০/- টাকা হারে যাতায়াত ভাতা (বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে) প্রদান করা হবে। (২) প্রশিক্ষণার্থীদের উপস্থিতি অনলাইন বেইজড ফেসিয়াল রিকগনিশন ক্যামেরা এবং বায়োমেট্রিক হাজিরার মাধ্যমে নিশ্চিত করা হবে। (৩) ক্লাশে শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং প্রত্যহ ৫ ঘন্টা ক্লাশ করতে হবে। (৪) আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট পেশায় কর্মসংস্থানে আগ্রহী হতে হবে। (৫) মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, হতদরিদ্র, সুবিধাবঞ্চিত ও এতিম সন্তানরা অগ্রাধিকার পাবে। (৬) ইতিপূর্বে যারা সংশ্লিষ্ট অকুপেশনে/ট্রেডে Level-1 সম্পন্ন করেছেন তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে। (৭) NSDA এর আওতায় BNQF Level Assessment এ আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে।

বিঃ দ্রঃ কলেজ/ভার্সিটিতে নিয়মিত অধ্যয়নরত ছাত্র/ছাত্রী এবং ইতিপূর্বে ASSET প্রকল্পের অধীনে প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নাই। কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তি সম্পূর্ণ বাতিল বা সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


অধ্যক্ষ

কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রাউজান,
চট্টগ্রাম।

Email: raozanttc@gmail.com

বিস্তারিত তথ্যের জন্য কেন্দ্রের প্রশিক্ষণ শাখায় যোগাযোগ করুন
মোবাইল : ০১৬৭০৮৩৯৭৯২, ০১৬২২১৮৬২৩৪, ০১৮৪৬৭৮৩১৫১,